

আস-সাফাত | As-Saffat | الصَّافَّات

আয়াতঃ ৩৭ : ১৩০

আরবি মূল আয়াত:

سَلِّمْ عَلَىٰ إِيْلَٰ يَاسِينَ ﴿١٣٠﴾

অনুবাদসমূহ:

ইলিয়াসের প্রতি সালাম। — আল-বায়ান

ইলিয়াসের প্রতি শান্তি বর্ষিত হোক। — তাইসিরুল

ইলিয়াসের উপর শান্তি বর্ষিত হোক। — মুজিবুর রহমান

"Peace upon Elias." — Sahih International

১৩০. ইলয়াসীনের(১) উপর শান্তি বর্ষিত হোক।

(১) অধিকাংশ মুফাস্সির বলেন, এটি ইলিয়াসের দ্বিতীয় নাম। যেমন ইবরাহীমের দ্বিতীয় নাম ছিল আব্রাহাম। আর অন্য কোন কোন মুফাস্সিরের মতে আরববাসীদের মধ্যে ইবরানী (হিব্রু) ভাষায় শব্দাবলীর বিভিন্ন উচ্চারণের প্রচলন ছিল। যেমন মীকাল ও মীকাইল এবং মীকাইন একই ফেরেশতাকে বলা হতো। একই ঘটনা ঘটেছে ইলিয়াসের নামের ব্যাপারেও। স্বয়ং কুরআন মজীদে একই পাহাড়কে একবার “তুরে সাইনা” বলা হচ্ছে এবং অন্যত্র বলা হচ্ছে, “তুরে সীনীন” [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১৩০) ইলয়াসের উপর শান্তি বর্ষিত হোক। [1]

[1] إِيْلَٰ يَاسِينَ ‘ইলয়াসীন’ ‘ইলয়াস’ শব্দের রূপান্তর; যেমন রূপান্তরে তুরে সাইনাকে তুরে সীনীনও বলা হয়। ইলয়াস (আঃ)-কে কোন কোন কিতাবে ঈলিয়াও বলা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3918>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন